R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD—4

অবজেকশন ফর্ম, রেশন কার্ডের ফর্ম, পি ট্যাক্সের এবং এম আর ডিলারদের যাবতীয় ফর্ম, ঘরভাড়া রসিদ, খোঁয়াড়ের রসিদ ছাড়াও বহু ধরনের ফরম এখানে পাবেন।
দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন
রঘুনাথগঞ্জ :: ফোন নং-৬৬-২২৮

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৩শ বর্ষ
৩৯শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৯শে মাঘ বুধবার, ১৪০৩ সাল।
১২ই ফেব্রুয়ারী, ১৯৯৭ সাল।
নগদ মূল্য : ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## হাসপাতালের সুপার বেকায়দায়, সুযোগ বুঝে বেশির ভাগ কর্মী ও ডাক্তারদের যথেচ্ছাচার

বিশেষ প্রতিবেদক : জঙ্গিপুর মহকুমা হাসপাতালে কর্মী ও ডাক্তাররা যা খুশি তাই করে চলেছেন বলে সুপার ডাঃ সঞ্জিত ঘোষ অভিযোগ করেন। প্রশাসনিক কর্তা হাসপাতাল সুপারকে কেউই গ্রাহ্যের মধ্যে আনেন না। অধিকাংশ কর্মী কো-অর্ডিনেশনের সদস্য হওয়ায়, দলের সহযোগিতায় সুপারকে বিভিন্ন চাপে ফেলে তাঁর কর্তৃত্ব ক প্রায় অকেজো করে রেখেছেন বলে জানা যায়। ২৫০ বেডের এই হাসপাতালে রোগী ভর্তি থাকেন খুব বেশী ৮০ জন। সেখানে ডাক্তারের সংখ্যা ২৫ জন। বর্তমানে ৩-টি প্রভৃতি বিভিন্ন বিভাগের কাজ বন্ধ থাকায় ডাক্তারদের ডিউটি ১ ঘণ্টার বেশী হয় না ( নাইট ছাড়া )। কোয়ার্টারগুলি মেরামত না হওয়ায় জীর্ণ ও অব্যবহার্য হয়ে পড়েছে। নার্সরা ঠিকমত কাজ করেন না। মেট্রনদের কথা গ্রাহ্য করেন না কেউ, দলের সাহায্য পান বলে। ডাক্তাররা প্রায় সকলেই চুটিয়ে প্রাইভেট প্র্যাকটিস্ করেন। ফলে হাসপাতাল ডিউটিতে গাফিলতি দেখা দেয়। অপারেশন বা রোগী ভর্তি না করা নিয়মে দাঁড়িয়েছে। হাসপাতালে ভর্তি অপারেশন রোগীকে নানা অসুবিধার কথা জানিয়ে নার্সিং হোমে যেতে বাধ্য করা হয়। বেগতিক বুঝলে রোগীকে যে কোন তুচ্ছ কারণেই বহরমপুরে রেফার করে দেওয়া হয়। সম্প্রতি একটি সাধারণ হার্নিয়া অপারেশনের রোগীকে ডাঃ তাপস ঘোষ ভর্তি করে নিলেও, শেষ পর্যন্ত রোগীটি নার্সিং হোম থেকে অপারেশন করাতে বাধ্য হন বলে খবর। গত বন্যার সময় প্রায় ২ লক্ষ ২৫ হাজার টাকার প্রয়োজনীয় যন্ত্রপাতি বাইরে থেকে হাসপাতাল কর্তৃপক্ষ কেনেন। কিন্তু সেই টাকা সুপার আজ পর্যন্ত পার্টিকে পেমেণ্ট দিতে পারেননি। সুপারকে অপদস্থ করতে সুপার বিরোধী কো-অর্ডিনেশনের কিছু কর্মী সদস্য রাজ্য স্বাস্থ্য দপ্তরে চাপ সৃষ্টি করে বিভিন্ন খাতের সাংকশান আটকিয়ে রেখেছেন বলে অভিযোগ উঠেছে। স্বাস্থ্য দপ্তরের এ্যালটমেণ্ট বিভাগ ঐ টাকার মঞ্জুরী দিচ্ছেন না। কো-অর্ডিনেশন সদস্য ঐ সব কর্মীরা সুপারের কোন কথা মানতে চাইছেন না। তাঁরা চাপে ফেলে সুপারের অপদার্থতাকে প্রকট করে তুলতে সদাসচেষ্ট সুপার শোকজ করলেও কর্মীরা তা গ্রাহ্য করছেন না, এমনকি কোন উত্তরও দিচ্ছেন না। বিতর্কিত হেডক্লার্ক জয়ন্ত সরকারসহ বহু কর্মী হাইকোর্টের নির্দেশে বদলী আটকিয়ে দীর্ঘদিন বহাল তবিয়তে এখানে থেকে গিয়ে দাপট চালিয়ে যাচ্ছেন কিছুদিন আগে জয়ন্ত সরকারের হাত থেকে ফাইনানসিয়াল পাওয়ার কেড়ে নেওয়ায়, জয়ন্তবাবু অন্য কোন কাজ নাকি করেন না। অপরদিকে ৬-টির কাজ কেরোসিনের ও ছোটখাটো যন্ত্রপাতির অভাবে বন্ধ মহকুমা শাসকের নির্দেশমত ইউটিলাইজেশন সার্টিফিকেট গত ৩ আগষ্ট '৯৬ পর্যন্ত দেখানো সত্ত্বেও ১২৫ লিটারের স্থলে মাত্র ৩০ লিটার কেরোসিন দেওয়া হচ্ছিল। বর্তমানে বারংবার অনুরোধের পর এ বছর যত্রুয়ারী থেকে ৫০ লিটারের পারমিট ইস্যু হলেও তেল মিলছে না। কেরোসিনের অভাবে লাইগেশনও ঠিকভাবে হচ্ছে না। প্রয়োজনে রোগী বাজার থেকে কেরোসিন কিনে দিতে বাধ্য হচ্ছেন। বেশ কিছু ডাক্তার আবার ইচ্ছাকৃত ভাবে ছোটখাটো প্রতিবন্ধকতাকে বড় করে দেখিয়ে, মেশিন খারাপ ইত্যাদি বলে অপারেশন করতে আসা রোগীকে ভর্তি করছেন না। আবার ষ্টোরে ওষুধ থাকা সত্ত্বেও রোগীকে বাইরে থেকে বিশেষ বিশেষ কোম্পানীর ওষুধ কিনে আনতে বাধ্য করছেন বেশ কয়েকজন ডাক্তার। এর কারণ অনুমান ( শেষ পৃষ্ঠায় )

## পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে সোমেনের ব্রিগেডে ডাক

রঘুনাথগঞ্জ : গত ১০ ফেব্রুয়ারী স্থানীয় রবীন্দ্র ভবনে এক কর্মীসভা ডেকে প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র আগামী ১৯ ফেব্রুয়ারী ব্রিগেডের জনসভা সফল করার জন্য আহ্বান জানান। সভায় সোমেন মিত্র ছাড়াও বিধানসভার বিরোধী দলনেতা অতীশ সিংহ, জেলা কংগ্রেস সভাপতি আলি হোসেন, মহঃ জহর, বিধায়ক অধীর চৌধুরী, কংগ্রেস নেতা কুমুদ ভট্টাচার্য্য ও মহকুমার সব বিধায়করাই হাজির ছিলেন। সভা পরিচালনা করেন সুতীর বিধায়ক মহঃ সোহরাব। প্রত্যেক বক্তাই বামফ্রণ্টের বিশ বছরের রাজত্বের অবসান ঘটাতে, কংগ্রেসীদের উপর সিপিএমের অন্যায় অত্যাচারের বিরুদ্ধে গর্জে উঠতে এবং সর্বোপরি আগামী (শেষ পৃষ্ঠায়)

## বীরেন্দ্রনগর ও ফ্রেজারনগর গ্রাম ভয়াবহ ভাঙ্গনের কবলে

রঘুনাথগঞ্জ : এই থানার বীরেন্দ্রনগর ও ফ্রেজারনগর গ্রাম গঙ্গার ভয়াবহ ভাঙ্গনের কবলে পড়েছে। ঐ এলাকার একটি বিদ্যালয় ও খেলার মাঠ সম্প্রতি গঙ্গাগর্ভে বিলীন হয়ে গিয়েছে। স্থানীয় আরএসপির পক্ষ থেকে সেচমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়কে এলাকা পরিদর্শনে আনা হচ্ছে বলে দলীয় সূত্রে খবর। এছাড়াও গত ৭ ফেব্রুয়ারী ঐ দলের সক্রিয়তায় ভাঙ্গন এলাকা পরিদর্শনে আসেন বহরমপুর ইরিগেশনের এক্সিকিউটিভ ইঞ্জিনীয়র তপন রায়। আরএসপি নেতা প্রদীপ নন্দী জানান, পরিদর্শন দলে শ্রী রায় ছাড়াও ছিলেন ইরিগেশনের এ্যাসিষ্ট্যাণ্ট ইঞ্জিনীয়ার ও স্থানীয় অফিসের সেকশন অফিসার। কিছুদিন পূর্বে ( শেষ পৃষ্ঠায় )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারঙ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

## জঙ্গিপুর সংবাদ

২৯শে মাঘ বুধবার, ১৪০৩ সাল।

### ॥ পাতু বাগ্দেবতা নঃ ॥

তাবৎ বিদ্যার্থীসমাজের আরাধিতা বাগ্দেবীর অর্চনা. আজ পুত শ্রীপঞ্চমী তিথিতে। নদী-দেবতা সরস্বতী আর্যোত্তর ভাবনায় দুইটি রূপে প্রতিভাত হন। একটি বাগ্দেবী রূপ, অপরটি শ্রীদেবী রূপ। হংসবাহনা দেবী সরস্বতী পুরাণোক্ত ব্রহ্মার মানস সন্তান। তাই তাঁহার হাতে কোথাও কোথাও দেখা যায় পুস্তক ও অক্ষমালা। তাঁহার বাহন ও ব্রহ্মার বাহন একই হংস।

মন্ত্রে দেখা যায়, "……যা ব্রহ্মাচ্যুত-শঙ্করপ্রভৃতিভিঃ দেবৈঃ সদা বন্দিতা……"; শ্রীকৃষ্ণ এই দেবীকে বর দান করিলেন যে, মাঘ মাসে শুক্লা পঞ্চমী তিথিতে সকলের দ্বারা তিনি পূজিতা হইবেন এবং বিদ্যারম্ভেও তিনি পূজা পাইবেন। ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর তাঁহার পূজা করিয়াছিলেন। ইহা পুরাণ হইতে জানা যায়।

যদিচ দেবী সরস্বতী বাক্‌রূপে ও শ্রীরূপে পরিচিতা ছিলেন, কিন্তু পরবর্তীকালে তাঁহার বাক্‌রূপই রহিয়া গেল এবং লক্ষ্মীদেবী শ্রীরূপ লাভ করেন। ভারতের নানা স্থানে সরস্বতীর নানা রূপ দেখা যায়। কোথাও তিনি দ্বিভুজা; কোথাও চতুর্ভুজা। বৌদ্ধ-সাধনতন্ত্রে এই দেবীর নানারূপের নাম পাওয়া যায়। অনেকে বলেন, সরস্বতীর সর্বাপেক্ষা প্রাচীন মূর্তি জৈন ধর্মে পাওয়া যায়। দেবীর বাহন হিসাবে কোথাও হাঁস, আবার কোথাও ময়ূর দেখা যায়।

বর্তমানে আমরা সরস্বতীকে প্রধানভাবে বিদ্যার অধিষ্ঠাত্রী দেবীরূপই পাইয়াছি। তিনি জ্ঞানের আলোকদ্বারা অজ্ঞানতার তমিস্রা দূর করেন। তিনি তাই সর্বশুক্লা। তিনি বিষয় জ্ঞান ও বাক্যরূপা। তিনি শান্ত, শুদ্ধসত্ত্বময়ী। ঘরে ঘরে সর্বত্র আজ এই দেবীর বন্দনা চলিতেছে। জাতিধর্মনির্বিশেষে সর্বশ্রেণীর শিক্ষার্থী এই জ্ঞানদায়িনীর নিকট আজিকার দিনে তাহাদের স্ব স্ব বিষয়ের অধ্যয়নে সাফল্য কামনায় প্রার্থনা জানাইতেছে। প্রতি গৃহে মূর্তিপূজা সম্ভব না হইলেও পুস্তক, মস্যাধার ও লেখনীতে দেবীর পূজা করা হয়। বিবিধ বাদ্যযন্ত্রেও দেবীর নামে পূজা হয়। দেবী 'জাড্যাপহা', অর্থাৎ অজ্ঞানতায় মনের জড়ত্ব তিনি নিঃশেষে বিদূরিত করেন। শুভ্রতা পবিত্রতার প্রতীক; দেবী সরস্বতী সর্বশুক্লা, পরমপবিত্র। বৈদিকযুগে সরস্বতী নদী আর্যদের প্রাণদায়িনী ছিলেন; পরবর্তী সময়ে তিনি নদীরূপা না হইয়া হইলেন জ্ঞানদায়িনী দেবী সরস্বতী।

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### *অথ জল চিকিৎসা কথা প্রসঙ্গে*

গত ১৫ই জানুয়ারী সংখ্যায় প্রকাশিত আনন্দগোপাল বিশ্বাসের লেখা "অথ জল চিকিৎসা কথা" পড়ে জঙ্গিপুরের নাগরিকদের পক্ষ থেকে প্রতিবাদ জানান অবশ্য কর্তব্য বলে মনে করি। জঙ্গিপুর পারের বাসিন্দাদের এইটুকু স্বাচ্ছন্দ্য লেখককে কতখানি ঈর্ষান্বিত করেছে লেখাটির পদে পদে তার বহিঃপ্রকাশ ঘটেছে। সকলেই জানেন, ওদের হাসপাতাল (আর সেই সুবাদে ডজন দুই ডাক্তার), আদালত, থানা, মহকুমা অফিস, রেল ষ্টেশন থেকে ব্যাঙ্ক সবই নদীর ওপারে। রাত-বিরাতে অসুখ হলে ডাক্তারবাবু হাসপাতাল সবই সেই ওপারে। মধ্যেখানে বিরাট নদী। প্রাণের ঝুঁকি নিয়ে জঙ্গিপুরের জনগণকে নিত্য নদী পারাপার করতে হয় কাজের তাগিদে। আরও একটা হাসপাতাল, আদালত, মহকুমা অফিস বা পুরসভা কিন্তু জঙ্গিপুর পারে এখনই হবে না। তবে জল সরবরাহ দু'দিন পরে হলেও ওপারেও হবে। কিন্তু হায়! এতো পেয়েও মন ভরলনা, হিংসা হচ্ছে, বিদ্রূপ করছেন আমাদের? জঙ্গিপুরের মানুষের সামান্য স্বাচ্ছন্দ্যে যখন আপনাদের পত্রিকার এতোই মনঃকষ্ট তখন এ ধরনের লেখা ছাপার পর আপনাদের নাম "জঙ্গিপুর সংবাদ" পাল্টে রঘুনাথগঞ্জ সংবাদ বা সাগরদীঘি সংবাদ রাখুন।

কানাইলাল সিংহ (সভাপতি)
২৬/১/৯৭ জঙ্গিপুর নগরিক কমিটি

### *ফরাক্কা কলেজের প্রশংসনীয় ফলাফল*

দিবাকর ঘোষ, ফরাক্কা: ফরাক্কা কলেজের প্রথম ব্যাচের ছাত্রছাত্রীদের বি-এ, পরীক্ষার ফলাফল খুব ভাল। মোট ১৩০ জন ছাত্র-ছাত্রী এ বছরে পরীক্ষায় বসে। এর মধ্যে ৯৫ জন ছাত্রছাত্রী পাস করেছে। তার মধ্যে ৩৬ জন দ্বিতীয় বিভাগ। সর্বোচ্চ নম্বর পেয়েছে ফরাক্কার শান্তনু চৌধুরী ৫৩০। দুইজনের ফলাফল অসম্পূর্ণ। এ ছাড়া বিভিন্ন বিষয়ে ১৭ জন ব্যাক পেয়েছে। ৬ জন ফেল করেছে। ফলাফলের গড় ৭৩%। মাত্র ৪-৫ জন অধ্যাপক নিয়ে ফলাফল প্রশংসনীয়।

### *গ্রামের প্রান্তে মৃতদেহ উদ্ধার মৃত্যুর কারণ অজানা*

ধুলিয়ান: সম্প্রতি সামসেরগঞ্জ থানার অদ্বৈতনগর গ্রামের প্রান্তে ঐ গ্রামের রেজ্জাক সেখের (৪৫) মৃতদেহ গ্রামবাসীরা দেখতে পায়। মৃত্যুর সঠিক কারণ জানা যায়নি। রেজ্জাক নিরীহ ব্যক্তি বলে গ্রামবাসীরা জানায়। পুলিশ তদন্ত চলছে। কেউ গ্রেপ্তার হয়নি।

### জলবিভাজিকা প্রকল্পের প্রশিক্ষণ শিবির

সাগরদীঘি: সম্প্রতি এই ব্লকের বালিয়াতে জলবিভাজিকা প্রকল্পের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয় সাগরদীঘি কৃষি বিভাগের উদ্যোগে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বালিয়া গ্রাম পঞ্চায়েত প্রধান। প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের কর্মাধ্যক্ষ প্রশান্ত দত্ত, মুখ্য কৃষি আধিকারিক অনিমেষ রায়। স্বাগত ভাষণে জঙ্গিপুর মহকুমা কৃষি আধিকারিক সামশুদ্দিন আহমেদ বলেন ভারতের ৪০৬টি এইরূপ প্রকল্পের মধ্যে এটি অন্যতম। প্রধান অতিথি বলেন এই জেলায় ৬টি এইরূপ প্রকল্প রয়েছে। সাগরদীঘি ব্লকের কৃষি উন্নয়ন আধিকারিক অজিতকুমার দাস উল্লেখযোগ্য ভূমিকা রেখেছেন এই প্রকল্প পরিচালনায়। বিশেষ অতিথি বলেন মিত্র কৃষাণ ৯৩ জন, মহিলা মিত্র কৃষাণ ৬২ জন, মোট ১৫৫ জন হাতে কলমে শিক্ষা পাচ্ছেন। এই অনুষ্ঠানে কৃষি কারিগরি, কৃষি শিল্প, পশুপালন, স্বল্প সঞ্চয় প্রভৃতি বিষয়ে নানান প্রদর্শনীর উদ্বোধন করা হয়। জেলা কৃষি বিভাগের সদানন্দ মুখার্জী প্রকল্পের ব্যয় সম্বন্ধে বক্তব্য রাখেন। জেলা বীজ আধিকারিক রবীন কুণ্ডু সঠিক বীজ রাখার পদ্ধতি বুঝিয়ে বলেন। ব্লক পশুপালন আধিকারিক তীর্থঙ্কর রায় গৃহপালিত পশু-পাখি পালন সম্বন্ধে বক্তব্য রেখে তাদের সুস্থ রাখার চিকিৎসা পদ্ধতির বর্ণনা দেন। মৎস্য সম্প্রসারণ আধিকারিক মৎস্য চাষ সম্বন্ধে তাঁর ভাষণ দেন এবং সান্ত্বনা সিংহ ভিটামিনযুক্ত খাদ্য রান্না হাতে কলমে প্রশিক্ষণ দেন। সুভী ২ এডিও সুকুমার সাহা সংষে চাষ, জেলা প্রশিক্ষণ আধিকারিক মাসরুম চাষ পদ্ধতি ব্যাখ্যা করেন। এডিও ফল অমলেন্দু গুহ বাগিচা ফসলের চাষ সম্বন্ধে ভাষণ দেন। পূর্ণিমা রায় চৌধুরী ও মহাদেব হালদার মানুষের চিকিৎসা সম্বন্ধে উপদেশ দেন। সুতী ১ এডিও জয়নারায়ণ শর্মা মৃত্তিকা সংরক্ষণ, জেলা শিল্প কেন্দ্রের সাদেক আলম কুটির শিল্প, জেলা মৎস্য বিভাগের সিরাজুল ইসলাম মাছ চাষ সম্বন্ধে সুচিন্তিত বক্তব্য পরিবেশন করেন। টিম লিডার প্রাণনাথ বিশ্বাস ভবিষ্যৎ পরিকল্পনা সম্বন্ধে বুঝিয়ে বলেন। সাগরদীঘির বিডিও অজয়কুমার ঘোষ পঞ্চায়েতে মহিলাদের ভূমিকা বিষয়ে এক আলোচনা চক্রের অনুষ্ঠান করেন। এই উপলক্ষে কৃষাণ মেলাও হয়।

কার্ড'স ফেয়ার
এখানে সবরকমের কার্ড পাওয়া যায়।
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

# National Thermal Power Corporation Ltd.

(A Govt. of India Enterprise)

## Farakka Super Thermal Power Project

P. O. Nabarun, Dist. Murshidabad, West Bengal, Pin-742236

Contract Services Department Tender Notice No. CS : 1997 : 02

The contractors of repute with sound technical and financial capabilities, in line experience and possessing the required equipments for execution of the following jobs for NTPC / FSTPP are requested to apply for tender documents. The last date for receipt of applications along with all desired documents is 15. 03. 1997, in the office of the manager (CS), NTPC/FSTPP.

| Tender Ref. No. | Name of Work | Estimated Value (Rs. in lacs) | Completion Period (in month) | EMD Value (Rs.) |
|---|---|---|---|---|
| T-14/4352 | Rate contract for Capital Overhauling of boiler Pressure Parts & Burner system of Stage I of FSTPP. | 56 39 | 12 | 50,000.00 |
| T-11/4272 | Repair of 04 Nos. damaged wagons and 08 Nos. of Bogies. | 14.00 | 06 | 28,000.00 |
| T-12/2976 | Supply & installation of Aooustio Steam leak detection system for boiler of 500 MW unit at FSTPP. | 35.00 | 12 | 50,000.00 |

QUALIFYING REQUIREMENTS for T 14/4352 :

a) Party should have executed atleast 03 (three) numbers of complete boiler overhauling of 200 MW boiler satisfactor ly during last 2/3 years.

SPECIAL TERMS and CONDITIONS of NIT for T-14/4352 :

This job shall be carried out unit ise at different times of the year 1997-98 in the three 200 MW units of Stage I of F. S. T. P. P. The approximate estimated value for the job in each unit shall be one third of the total estimated value of Rs. 56.39 lac.

QUALIFYING REQUIREMENTS for T-11/4272 :

The party should be a registered contractor and should have executed jobs of similiar nature for wagon manufacturing company/RITES/INDIAN RAILWAYS/OTHER PUBLIC SECTOR ORGANISATIONS for value not less than 75% of the estimated value during last three years and not less than 25% on single contract. The party should possess adequate manpower and necessary mobilisation for carrying out the job at NTPC/FSTPP site.

03. QUALIFYING REQUIREMENTS FOR T-12/2976 :

The bidder must have supplied, installed and successfully commissioned Digital type Aooustio Steam Leak Detection System in at least 50 boilers of 200/500 MW ratings with atleast 24 sensor system (a comprehensive list indicating details of boiler rating, sensor numbers and type, place and year of installation to be enclosed) which are in successful operation for last 3 years.

SPECIAL CONDITIONS FOR T-12/2976 :

Bidders must furnish an undertaking to the following effect :

i) To safeguard NTPC against obsolence of their product.

ii) To supply spares for the system for a period of atleast 10 years from the date of commissioning.

iii) Indian Agents applying for bid documents on behalf of their Overseas bidders, must furnish proof of their Agreement for faithful execution of the contract, if awarded. In such cases bid documents shall be issued in the name of qualifying bidder and all payments shall be released in Indian Rupees only.

GENERAL TERMS AND CONDITIONS :

01. Interested bidders are requested to apply for issue of tender documents alongwith all credentials as a documentary proof e. q. Work Order copies alongwith completion certificate to establish the bidder's capacity to carry out the above mentioned works. Documents like latest Income Tax/Sales Tax Clearance Certificate. Partnership Deeds/Affidavit for Proprietorship etc. are also to be submitted.

02. The bidder has to submit separate applications alongwith DEMAND DRAFT of Rs. 500/ (NON-REFUNDABLE) in favour of NTPC LTD , FSTPP, payable at SBI, Andua (Branch code-7099) with all required documents as mentioned above, for each tender.

03. The envelopes must be superscribed with tender ref. no. & name of work.

Contd. 4

04. The EMD as indicated above is to be submitted along with bids only. The detailed terms and conditions will be issued to the prima facie qualified bidders only and the bidders have to submit their offer before scheduled date and time of bid opening. However, issuance/submission of tender documents/offer shall not automatically construe qualification of the agency for award of work.

05. NTPC shall not be responsible for any delay in receipt or non-receipt of applications caused due to postal delay or any other reasons, whatsoever.

06. NTPC reserves the right to alter the qualifying requirements and to accept or reject any or all applications without assigning any reason thereof.

07. The above work specification are only indicative & details will be available in tender documents. Interested parties are advised to visit the site and familiarise themselves with actual site condition and the drawings etc., wherever applicable.

08. NTPC reserves the night to divide the work amongst more than one party.

09. Purchase preference shall be given as per Government directives at the discretion of management.

10. The response against this advertisement shall be considered for registration with NTPC/FSTPP for a period of three years.

M. S. T. Sai
DGM (C & M)

---

**ভয়াবহ ভাঙ্গনের কবলে** ( ১ম পৃষ্ঠার পর )

ফরাক্কা ব্লকের বিস্তীর্ণ এলাকায় যে সব মানুষের বাড়ী ঘর ভাঙ্গনের ফলে ক্ষতিগ্রস্ত হয়েছিল তাদের কয়েক শো পরিবারকে পাঁচ শতক করে জমি বিতরণ করা হয়েছে বলে মহকুমা শাসক দেবব্রত পাল জানান। এ ব্যাপারে ফরাক্কা ভাঙ্গন প্রতিরোধ কমিটির উদ্যোগই উল্লেখযোগ্য। ক্ষতিগ্রস্ত পরিবারদের ফরাক্কা ব্যারেজের সরকারী জমিগুলিকে হস্তান্তর করা হয় বলে জানা যায়।

**পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে** ( ১ম পৃষ্ঠার পর )

বছরের পঞ্চায়েত নির্বাচনে বামফ্রন্টকে পরাজিত করতে দলে দলে মানুষকে ব্রিগেডে যাবার আহ্বান জানান। আগামী ১৯ ফেব্রুয়ারী ব্রিগেডের সভায় প্রধান বক্তা থাকছেন সদ্য নির্বাচিত কংগ্রেস সভাপতি সীতারাম কেশরী এবং সভাপতি থাকছেন সোমেনবাবু স্বয়ং। ব্রিগেডের সভায় যুব কংগ্রেস সভানেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় হাজির থাকবেন কিনা—আমাদের প্রতিনিধির প্রশ্নের জবাবে সোমেনবাবু জানান, 'ব্রিগেড সভায় হাজির হবার ডাক দিয়ে সারা পঃ বঙ্গে আমি কংগ্রেসের সব শাখা সংগঠনের সঙ্গে কর্মীসভা করে আজ রঘুনাথগঞ্জে এসেছি। মমতাকে নিজে আমন্ত্রণ জানিয়েছি, তাই তাঁর উপস্থিতিও আশা করি।' তবে আগামী ১৮ ফেব্রুয়ারী ফরাক্কায় আই এন টি ইউ সির জেলা সম্মেলনে রাজ্য সভাপতি বিধায়ক সুব্রত মুখার্জী ছাড়াও কংগ্রেসের শ্রমিক সংগঠনের সঙ্গে যুক্ত বহু নেতা হাজির থাকলে মহকুমা থেকে ঠিক কত লোক ব্রিগেডে যেতে পারবেন সে সম্বন্ধে অনেকেই সন্দেহ পোষণ করেন।

**হাসপাতালের সুপার বেকায়দায়** ( ১ম পৃষ্ঠার পর )

করা কঠিন নয়। যাঁরা প্রাকটিস করেন তাঁরা সঠিক সময়ে আউটডোরে আসেন না, এটা রেওয়াজে দাঁড়িয়েছে। দায়সারা কর্তব্য সারতে, দন্ত, চক্ষু ইত্যাদি বিভাগের ডাক্তারদের আউটডোরে সর্দি-জ্বরের চিকিৎসা করতে হচ্ছে। চতুর্থ শ্রেণীর কর্মীদের পোষাকের খরচ বাবদ গ্রীষ্মে ৫০০ টাকা ও শীতে গরম পোষাকের জন্য ৩০০ টাকা করে দেওয়া সত্ত্বেও বেশীর ভাগ কর্মীই পোষাক পরে ডিউটিতে আসেন না। এ ধরনের প্রচুর অনিয়ম বেনিয়ম মহকুমা হাসপাতালকে অক্টোপাশের মতো জড়িয়ে ধরেছে। উল্লেখ্য, হাসপাতাল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এখানে এ্যাডভাইসরী কমিটি থাকলেও দীর্ঘদিন তার কোন বৈঠক হয়নি


বিশেষ আকর্ষণ ঃ বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই কোবরা ছাপা শাড়ী।



আর কোথাও না গিয়ে
আমাদের এখানে অফুরন্ত
সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা
ষ্টিচ করার জন্য তসর থান,
কোরিয়াল, জামদানী জোড়,
পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ
পিওর সিল্কের প্রিন্টেড
শাড়ীর নির্ভরযোগ্য
প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য
পরীক্ষা প্রার্থনীয়।

বাঘিড়া ননী এণ্ড সন্স
মির্জাপুর ॥ গনকর
ফোন নং ঃ গনকর ৬:০২৯



2 YEARS WARRANTY

WEBEL NICCO TV

Dealer :
Bharat Electronics
Raghunathganj ✪ Phone : 66-321

Sengupta Elcetronics
Raghunathganj, Murshidabad


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অমুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।